

## 106452 - যে নারী হায়েয থেকে পবিত্র হয়েছেন কিনা এ সন্দেহ নিয়ে রোযা রাখা শুরু করেছেন

### প্রশ্ন

জনৈক নারী হায়েয থেকে পবিত্র হয়েছেন কিনা এ সন্দেহ থাকাবস্থায় রোযা রাখা শুরু করেছেন। সকালে দেখলেন যে, তিনি পবিত্র। পবিত্রতার ব্যাপারে নিশ্চিত না হয়ে রোযা রাখায় তার রোযা কি সঠিক হয়েছে?

### প্রিয় উত্তর

তার রোযা রাখা সঠিক হয়নি। ঐ দিনের রোযা কাযা করা তার উপর আবশ্যিক। কেননা আসল অবস্থা হল— হায়েয চলমান থাকা। তিনি পবিত্রতার ব্যাপারে নিশ্চিত না হয়ে রোযা ধরায় ইবাদতটি শুদ্ধ হওয়ার শর্ত পূর্ণ হয়েছে কিনা; এ ব্যাপারে সন্দেহ নিয়ে তিনি ইবাদতে প্রবেশ করেছেন। এটি কোন ইবাদত সঠিক হওয়াকে বাধাগ্রস্ত করে।”[সমাপ্ত]

[মাজমুউ ফাতাওয়া বিন উছাইমীন; ফাতাওয়াস সিয়াম (১০৭, ১০৮)]